১৮

দৈনিক সংবাদ

তারিখ ... 29 APR 1997 ...
পৃষ্ঠা ৭ কলাম ৭

# সরকারের অনুমতি ছাড়া বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করা যাবে না

॥ রাশেদ আহমেদ ॥

সরকারের অনুমতি ছাড়া এখন থেকে বেসরকারি উদ্যোগে কোন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন বা চালু করা যাবে না। শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ নির্দেশ জারি করা হয়েছে।

প্রজ্ঞাপনে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের নতুন নীতিমালা বেঁধে দেয়া হয়। বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সরকারি স্বীকৃতি, অনুদান ও উন্নয়ন কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্যে এই নির্দেশনামা জারি করা হয়েছে বলে মন্ত্রণালয়ের সূত্র জানিয়েছে। সূত্রমতে, সরকারি নীতমালা না মেনে বিভিন্ন সময় অনেক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করার নজির রয়েছে। পরবর্তীতে এগুলোর স্বীকৃতি প্রদানসহ শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশে মঞ্জুরি ও উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত নিয়ে নানা

প্রতিষ্ঠান ঃ পৃঃ ১১ কঃ ৬

## প্রতিষ্ঠান ঃ স্থাপন করা যাবে না

( ১ম পৃষ্ঠার পর )

জটিলতার সৃষ্টি হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে জানানো হয়, দেশের যেকোন স্থানে স্কুল, কলেজ, মাদ্রাসা স্থাপন করতে হলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নীতিমালার সব শর্ত পূরণ করে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড থেকে অনুমতি নিতে হবে। নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের স্বীকৃতির জন্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের অনুমতি লাগবে। শিক্ষা বোর্ড বেসরকারি কোন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের জন্যে প্রথম পর্যায়ে প্রাথমিক অনুমতি দেবে। তিন বছর মেয়াদের এই অনুমতি কোনক্রমেই 'স্বীকৃতি' বলে বিবেচিত হবে না। প্রতিষ্ঠানের 'স্বীকৃতি' পেতে হলে কমপক্ষে একবার শিক্ষা বোর্ডের আওতাধীন পাবলিক পরীক্ষায় ছাত্রছাত্রীদের অংশ নিতে হবে, শিক্ষার্থীদের মধ্যে শতকরা ৭৫ ভাগকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং শতকরা ৫০ ভাগ পরীক্ষার্থীকে পাস করতে হবে। নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে জুনিয়র বৃত্তি পরীক্ষায় কমপক্ষে ১০ জন শিক্ষার্থীকে অংশ নিতে হবে এবং শতকরা ৭০ ভাগকে উত্তীর্ণ ফলাফল অর্জন করতে হবে।

### শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের নীতিমালা

নিম্ন মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করতে হলে প্রতিষ্ঠান থেকে প্রতিষ্ঠানের দূরত্ব পৌর ও শিল্প এলাকায় ১ কিলোমিটার এবং মফস্বলে ৩ কিলোমিটার হতে হবে। প্রতিষ্ঠান এলাকায় জনসংখ্যা হতে হবে ন্যূনতম ৮ হাজার।

মাধ্যমিক স্কুল ও দাখিল মাদ্রাসা স্থাপনে পৌর ও শিল্প এলাকায় দূরত্ব ১ কিলোমিটার ও মফস্বলে ৪ কিলোমিটার লাগবে। জনসংখ্যা থাকতে হবে ন্যূনতম ১০ হাজার।

কলেজ ও আলীম মাদ্রাসা স্থাপন করতে হলে পৌর ও শিল্প এলাকায় একই শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রতিষ্ঠানের দূরত্ব লাগবে ২ কিলোমিটার এবং মফস্বলের জন্যে ৬ কিলোমিটার। প্রতিষ্ঠান এলাকায় ন্যূনতম জনসংখ্যা হতে হবে ৭৫ হাজার।

জায়গার পরিমাণ ঃ নিম্ন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনে মেট্রো এলাকায় ২০ শতাংশ, পৌর এলাকায় ৩০ শতাংশ ও মফস্বল এলাকায় ৫০ শতাংশ জায়গা থাকতে হবে। মাধ্যমিক স্কুল ও দাখিল মাদ্রাসা স্থাপনে মেট্রো এলাকায় ২৫ শতাংশ, পৌর এলাকায় ৫০ শতাংশ ও মফস্বলে ৭৫ শতাংশ জায়গা লাগবে। কলেজ বা আলীম মাদ্রাসা করতে মেট্রো এলাকায় ৫০ শতাংশ, পৌর এলাকায় ৭৫ শতাংশ এবং মফস্বলে এক একর জায়গা লাগবে।

অনুদান ঃ ব্যক্তির নামে প্রতিষ্ঠান করতে হলে নিম্ন মাধ্যমিক স্কুলের জন্যে ১০ লাখ টাকা, মাধ্যমিক ও দাখিল মাদ্রাসা স্থাপনে ১৫ লাখ টাকা এবং কলেজ ও আলীম মাদ্রাসা স্থাপনে ২৫ লাখ টাকা অনুদান দিতে হবে। উল্লিখিত নীতিমালা অনুসরণ করে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন করতে হবে ৫০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পের উপর। আনুষঙ্গিক কাগজপত্রসহ শিক্ষা বোর্ডে আবেদন করতে হবে।